দৈনিক ইত্তেফাক

তারিখ 03 NOV 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

56

# অধ্যক্ষের কার্যালয়ে ভাংচুর ॥ ডেন্টাল কলেজ বন্ধ ঘোষণা

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা ডেন্টাল কলেজ গতকাল (বৃহস্পতিবার) অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা এবং ছাত্র-ছাত্রীদের রাত ১০টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে। কলেজের ছাত্র বৃত্তির টাকা নিয়া অনিয়মের প্রতিবাদে ছাত্র-ছাত্রীরা গত বুধবার প্রিন্সিপালকে ঘেরাও ও তাহার কার্যালয়ে ভাংচুরের প্রেক্ষিতে একাডেমিক কাউন্সিল গতকাল

(১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ডেন্টাল কলেজ

(১ম পৃঃ পর)

এই সিদ্ধান্ত নেয়। ঢাকা ডেন্টাল কলেজ অফিসের কতিপয় কর্মকর্তা ছাত্র বৃত্তির টাকা নিয়া অনিয়মের জন্য দায়ী বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। এ অবস্থায় ছাত্ররা গত বুধবার 'প্রত্যেক ছাত্রকে বৃত্তি প্রদান করা হইবে' এইমর্মে প্রিন্সিপালের নিকট হইতে লিখিত প্রতিশ্রুতি আদায় করে।

এদিকে ঢাকা ডেন্টাল কলেজ শাখা ছাত্রদল ও ছাত্র লীগের যৌথ প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, কলেজ বন্ধ ঘোষণা ও হল ত্যাগের নির্দেশের ফলে ছাত্র-ছাত্রীদের শিক্ষাজীবন হুমকির সম্মুখীন হইয়া পড়িয়াছে। এ মুহূর্তে কলেজে কোন রাজনৈতিক অস্থিরতা নাই। প্রেস বিজ্ঞপ্তিতে কলেজ বন্ধ ঘোষণার প্রতিবাদ জানাইয়া বলা হয়, দাবী আদায় না হওয়া পর্যন্ত ছাত্র-ছাত্রীরা হলে থাকিয়া আন্দোলন চালাইয়া যাইবে।